

২০২৩-এর এসএসসি এইচএসসি পরীক্ষার সিলেবাস প্রকাশ

নিজস্ব প্রতিবেদক

১৬ জুন ২০২২ ১২:০০ এএম

| আপডেট: ১৬ জুন ২০২২

০১:৪৮ এএম

বাংলাদেশ সরকার
আমাদের ময়

advertisement

২০২৩ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষার সংক্ষিপ্ত সিলেবাস প্রকাশ করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড। এসএসসিতে বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগের শিক্ষার্থীদের জন্য ৩২টি পত্রের এবং এইচএসসিতে ৭৩টি পত্রের সিলেবাস প্রকাশ করেছে বোর্ড। গত মঙ্গলবার রাতে বোর্ডের ওয়েবসাইটে এ সিলেবাস প্রকাশ করা হয়।

গত ১২ জুন জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) প্রণীত ২০২৩ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষার পাঠ্যসূচি অনুমোদন

দেয় শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ। এর আগে এক সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী দীপু মনি জানান, ২০২২ সালের সংক্ষিপ্ত সিলেবাস অনুসারে আগামী বছর অর্থাৎ ২০২৩ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষা হবে।